শাসকদলকে জয়ী করতে ময়দানে পুলিশ ও কমিশন, দাবি বিজেপির

প্রচারের শেষবেলাতেও পাঁশকুড়া-হলদিয়ায় বিরোধীদের পিছনে রাখল তৃণমূল

বিজেপির সাংবাদিক বৈঠকে রাজ্য সহসভাপতি বিশ্বপ্রিয় চৌধুরী।

পাঁশকুড়ায় দলীয় প্রচারে জলসম্পদ মন্ত্রী সৌমেন মহাপাত্র

হলদিয়ায় দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে পরিবহনমন্ত্রী শুভেন্দু অধিকারী।

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া ও পাঁশকুড়া ঃ পূর্ব মেদিনীপুর জেলার দুই পৌরসভা পাঁশকুড়া ও হলদিয়ার নির্বাচনী প্রক্রিয়া শুরুর দিন থেকে প্রচারের শেষ বেলাতেও বিরোধীদের বহু পেছনে ফেলে এগিয়ে গেল শাসকদল তৃণমূল। যদিও বিরোধীদের দাবি, নির্বাচনে শাসকদলের কর্মী-সমর্থকদের সাথে তাঁদের পুলিশ প্রশাসন ও রাজ্য নির্বাচন কমিশনের সাথেও লড়াই করতে হচ্ছে। দাবি করা হচ্ছে, মানুষ ভোট দিতে পারলে দুটি পৌরসভাই তৃণমূলের হাতছাড়া হবে। শুক্রবার শেষবেলার নির্বাচনী প্রচারে সকাল থেকেই নিজের শারীরিক অসুস্থতার মধ্যেও হলদিয়া পৌরসভার বিভিন্ন প্রান্তে সভা ও পদযাত্রা করলেন রাজ্যের পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী। মন্ত্রী জানিয়েছেন, দুটি পৌরসভাতেই তৃণমূল ক্ষমতা দখল করবে বিরোধী শূন্য করে। প্রসঙ্গত, ইতিমধ্যেই পাঁশকুড়া পৌরসভার দুটি ওয়ার্ডের তৃণমূল প্রার্থীরা বিনা নির্বাচনে জয় লাভ করেছে। আগামী রবিবার পাঁশকুড়ার বাকি ১৬ টি আসনেও হলিয়া পৌরসভার ২৯টি ওয়ার্ডে নির্বাচন হবে। শুভেন্দু অধিকারী বলেন, মানুষ রাজ্যের উন্নয়নে গতি আনতে এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হাত শক্ত করতে তৃণমূল প্রার্থীদের জয়ী করবেন। বলেন, কালো ধন উদ্ধারের নাম করে নোট বাতিল, জিএসটি লাগু করে কেন্দ্রের মোদি সরকার সারা দেশের মানুষকে অন্ধকারের দিকে ঠেলে দিয়েছে। তার জবাব এই রাজ্যের মানুষ হলদিয়া, পাঁশকুড়াসহ আগামী ১২ তারিখ রাজ্যের ৯টি পৌরসভার নির্বাচনে ভোটবাক্সে দেবে বলে তিনি দাবি করেন। পাঁশকুড়াতে রাজ্যের অপর মন্ত্রী সৌমেন মহাপাত্র শেষ বেলার প্রচারে ঝড় তোলেন। তিনি দাবি করেন, বিরোধীরা জয়ী হবে না বুঝেই সন্ত্রাসের প্রচার চালিয়ে নিজেদের সম্মান বাঁচানোর চেষ্টা করছে। অপরদিকে, বিরোধী দল বিজেপি অভিযোগ করেছে, তৃণমূলের কর্মী-সমর্থকদের সাথে রাজ্যের নির্বাচন কমিশন ও স্থানীয় পুলিশ প্রশাসন শাসকদলের প্রার্থীদের জয়ী করার জন্য সচেষ্ট হয়েছে। শুক্রবার হলদিয়ায় এক সাংবাদিক বৈঠক করে এই অভিযোগ করেন বিজেপির রাজ্য সহসভাপতি বিশ্বপ্রিয় চৌধুরী। দলীয় নেতা তথা অভিনেতা জয় ব্যানার্জীকে পাশে বসিয়ে তিনি সাংবাদিকদের বলেন, মানুষ তৃণমূলের সন্ত্রাস, দুর্নীতি থেকে মুক্তি চায়। তাই তাঁরা বিজেপিকে বেছে নেওয়ায় আতঙ্কিত তৃণমূল। বিশ্বপ্রিয় চৌধুরীর অভিযোগ, মানুষের মানসিকতা বুঝতে পেরেই তৃণমূল নিজেদের প্রার্থীদের জয়ী করতে প্রশাসন ও নির্বাচন কমিশনকেও ব্যবহার করছে।

বেতন বৃদ্ধি না হওয়ায় হলদিয়ায় আন্দোলনে শ্রমিকরা

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া ঃ পাঁচ বছরের বেশি সময় ধরে বেতন বৃদ্ধি না হওয়ায় এবং পেনশন-গ্র্যাচুইটির টাকা কাটলেও জমা না পরার প্রতিবাদে হলদিয়ায় একটা ভোজ্য তেল কারখানার সামনে অনশনে বসলো শ্রমিকরা। অনশনরত হলদিয়ায় দেডোগের জেডিএল নামের এই ভোজ্য তেল কারখানার শ্রমিক স্বপন দাস, সেখ সইদুল, কমল মাইতিরা অভিযোগ করেছেন গত পাঁচ বছর ধরে তাঁদের বেতন বাড়েনি। বহুবার কারখানা কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েও কোন লাভ হয়নি। তাঁদের আরও অভিযোগ, গত এক মাস আগে কারখানা কর্তৃপক্ষ, শ্রমিক ও ইউনিয়নের প্রতিনিধিরা আলোচনায় বসে। সেই আলোচনায় সিদ্ধান্ত হয়। একমাস পরে নতুন চুক্তি নিয়ে কোন কথা বলছে না। সেই বিষয়ে শুক্রবার আলোচনা করতে গেলে তাঁদের প্রায় ধাক্কা দিয়ে অফিস থেকে বের করে দেওয়া হয়। এর প্রতিবাদেই অনশনে বসেছেন শ্রমিকরা। এই বিষয়ে কারখানা কর্তৃপক্ষ সাংবাদিকদের সাথে কথা বলতে রাজি হননি।

তিন জুয়াড়ি গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, মারিশদা ঃ বাহারী বাজারে গুমটির ভেতরে বসে জুয়া চক্র চালানোর অভিযোগে তিন যুবককে গ্রেফতার করল পুলিশ। ধৃতরা হল বাহারীর নেপু পাহাড়ি, সুব্রত বেরা ও কাঁথির আউরাই গ্রামের বাসিন্দা প্রদীপ ঘোষ। এদের থেকে কয়েক হাজার টাকাও উদ্ধার হয়েছে। জানা গেছে, মারিশদা থানার বাহারী বাজারে একটা গুমটির ভেতরে জুয়া বোর্ড বসিয়ে খেলা চলছিল কয়েকদিন ধরে। পুলিশের কাছে খবর যেতেই বৃহস্পতিবার অভিযান চালায় পুলিশ। পুলিশি অভিযানের সময় কয়েকজন জুয়াড়ি পালিয়ে গেলেও ধরা পড়ে যায় তিন জন। এদের শুক্রবার কাঁথি মহকুমা আদালতে হাজির করা হয়। বিচারক জামিনের আবেদন খারিজ করে দিয়েছেন।

যুবতীকে ধর্ষণ ঃ গ্রেফতার যুবক

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ বাড়িতে একা পেয়ে এক প্রতিবেশী যুবতীকে ধর্ষণের অভিযোগে এক যুবককে গ্রেফতার করল পুলিশ। অভিযোগ, ধর্ষণের পর ধর্ষিতাকে মুখ বন্ধ রাখার জন্য হুমকি দেয় অভিযুক্ত যুবক তপন দলাই। হুমকিতে ভয় না পেয়ে ধর্ষিতার পরিবার মারিশদা থানায় অভিযোগ করায় গা ঢাকা দিয়ে লুকিয়েছিল অভিযুক্ত। প্রায় ১৫দিন লুকিয়ে থাকার পর পুলিশের হাতে ধরা পড়লো যুবক। জানা গেছে, গত ২৭ জুলাই সন্ধ্যায় নিজের প্রয়োজনে এই প্রতিবেশীর বাড়িতে যায় গামারতলিয়া গ্রামের বাসিন্দা তপন দলাই। অভিযোগ, সেইসময় প্রতিবেশীর যুবতী মেয়েকে একা পেয়ে ধর্ষণ করে তপন। হুমকি দেয় ঘটনাটি জানাজানি হলে এই যুবতীকে প্রাণে মেরে ফেলার। পরে এই যুবতী অসুস্থ হয়ে পড়লে বাড়ির লোকেদের সমস্ত ঘটনা জানায়। অভিযোগ দায়ের হওয়ার পর থেকেই গা ঢাকা দিয়েছিল অভিযুক্ত। বৃহস্পতিবার গোপন সূত্রে খবর পেয়ে তাকে গ্রেফতার করে পুলিশ।

ঝাড়গ্রাম পৌরসভার উপনির্বাচনের শেষবেলায় জমে উঠেছে প্রচার

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম ঃ পৌরসভার একটি ওয়ার্ডের উপনির্বাচন-এর প্রচারকে কেন্দ্র করে শেষবেলায় জমে উঠল সমস্ত রাজনৈতিক দলের প্রচারের লড়াই। ঝাড়গ্রামের ৭ নং ওয়ার্ডের তৃণমূল প্রার্থী গোবিন্দ সোমানির প্রচারে এসে ডাঃ মানস রঞ্জন ভুঁইঞ্যা কংগ্রেসের দুই নেতাকে কটাক্ষ করতে ছাড়লেন না। তিনি বলেন, সোনিয়া গান্ধী বুকে জড়িয়ে ধরেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে, আজকেও মিটিং হচ্ছে পার্লামেন্টে ১৮ টি দলের মহাজোট, রাহুল গান্ধী বলছেন, পাশে চেয়ারে বসুন, সকলেই মমতা বন্দ্যোপাধ্যায়কে নেত্রী হিসাবে চাইছেন। বাংলা কংগ্রেসের দুই জগাইমাথাই অধীর রঞ্জন, আব্দুল মান্নানকে কটাক্ষ করে বলেন, কলিযুগের কালিদাস, যে ডালে বসে সে ডালই কাটছে। সমস্ত রাজনৈতিক দলগুলি এইদিন প্রচারে মেতে ওঠে। বিজেপি বহিরাগতদের নিয়ে মিছিল করে। ঝাড়গ্রামের ৭ নং ওয়ার্ডের তৃণমূল প্রার্থী গোবিন্দ সোমানি, বিজেপি প্রার্থী সমীর(বাপ্পা) দত্ত, সি.পি.আই(এম) প্রার্থী কৃষ্ণা ঘোষ(মাহাত), নির্দল প্রার্থী রঞ্জিত ভকত(ইট চিহ্ন) ও পার্থপ্রতিম সরকার (সূর্য চিহ্ন), কংগ্রেসের কোন প্রার্থী নেই।

রামনগরে দুই বেআইনি মদ ব্যবসায়ী গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ বেআইনিভাবে গোপনে বাড়িতে দেশী মদের ঠেক বানিয়ে ব্যবসা চালানোর অভিযোগে দুই যুবককে গ্রেফতার করল দিঘার আবগারি দফতর। রামনগর থানার সাগরেশ্বর এলাকা থেকে এদের গ্রেফতার করে আবগারি দফতরের অভিযানকারী দল। জানা গেছে, স্থানীয়দের থেকে দিঘা আবগারি দফতর জানতে পারে, সন্তোষ বেরা ও অজয় দাস নামের এই দুই যুবক বেআইনিভাবে নিজেদের বাড়িতে ঠেক খুলে দেশী মদের ব্যবসা করছে। এরপরেই অভিযান চালিয়ে এদের গ্রেফতার করা হয়। এদের থেকে প্রায় ৩০ লিটার মদ উদ্ধার হয়েছে। ধৃতদের শুক্রবার কাঁথি মহকুমা আদালতে হাজির করা হলে বিচারক জামিনের আবেদন খারিজ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

চানাচুর প্রস্তুতকারীদের রাজ্যব্যাপী আন্দোলনের প্রস্তুতি

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ কেন্দ্র সরকার ও রাজ্যসরকারের একের পর এক সিদ্ধান্তের জেরে ধ্বংসের মুখে চানাচুর শিল্প। পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলার বিভিন্ন চানাচুর কারখানার সাথে জড়িত প্রায় ১০হাজার শ্রমিক ও অন্যান্যরা কর্মসংস্থান হারানোর মুখে দাঁড়িয়ে। এর বিরুদ্ধে সারা রাজ্য জুড়ে আন্দোলন গড়ে তুলতে শুক্রবার এগরায় আলোচনায় বসে তিনটি জেলার প্রায় শতাধিক চানাচুর প্রস্তুতকারী সংস্থার মালিকেরা। গঠন করা হয়েছে নতুন সংগঠন। সেই সংগঠনের সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন যথাক্রমে সুকুমার দে, নবকুমার মাইতি ও গোরাচাঁদ মিদ্দা। নবনির্বাচিত সংগঠনের সম্পাদক নবকুমার মাইতি জানিয়েছেন, তিনটি জেলায় পাঁচটি জোন গঠন করে আন্দোলনে নামার প্রস্তুতি নেওয়া হয়েছে। জানিয়েছেন, কেন্দ্র সরকার ও রাজ্য সরকারের একের পর এক ভ্রান্ত সিদ্ধান্তের জেরে এতো গুলো মানুষ কর্মসংস্থান হারানোর মুখে। তাই বাধ্য হয়েই নিজেদের সমস্যার কথা দুই সরকারের কাছে তুলে ধরতে তাঁরা আন্দোলনের কর্মসূচী গ্রহণ করলেন।

দুষ্প্রাপ্য মূর্তি ও সোনা পাচার চক্রে গ্রেফতার দুই পান্ডার জামিন খারিজ

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ নানা প্রান্ত থেকে আমদানি করা বৈধ কাগজপত্রহীন, সোনার বাট ও দুষ্প্রাপ্য মূর্তি বেআইনিভাবে জলপথে বাংলাদেশ পাচার চক্রের সাথে যুক্ত দুই ব্যবসায়ীকে গ্রেফতার করল পুলিশ। ধৃত দুই ব্যবসায়ী কসবার বনবিহারী কামিলা ও নিলদার বাসুদেব কামিলার জামিনের আবেদন শুক্রবার খারিজ করে দিল কাঁথি মহকুমা আদালত। আন্তঃদেশীয় পাচার চক্রের এই দুই সদস্যকে বৃহস্পতিবার রাতে গ্রেফতার করেছিল পূর্ব মেদিনীপুর জেলার এগরা থানার পুলিশ। জানা গেছে, ভগবানপুর থানা এলাকা থেকে বড় অঙ্কের চুল চুরি কান্ডের তদন্তে নেমে এই চক্রের সন্ধান পায় পুলিশ। ঘটনার বিবরণ ভগবানপুর এলাকা থেকে চলতি মাসের প্রথম সপ্তাহে প্রায় ৪৬ লক্ষ টাকা মূল্যের চুল চুরি যায়। ঘটনার জেরে চাঞ্চল্য ছড়ায়। ভগবানপুর থানার পুলিশ ঘটনার তদন্তে নামে। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, ঘটনা সাথে জড়িত অভিযুক্তরা রামনগর ও এগরার বিভিন্ন এলাকায় লুকিয়ে আছে। এরপরেই পুলিশ অভিযানে নেমে রামনগর থানার ভেড়িনারাঙ্গা গ্রাম থেকে রবি মাইতি ও এগরার পাঁচরোল গ্রাম থেকে উত্তম জানাকে গ্রেফতার করে পুলিশ।

এদের জিজ্ঞাসাবাদ করেই কসবার বনবিহারী কামিলা ও নিলদার বাসুদেব কামিলা নামে দুই ব্যবসায়ীর সন্ধান পায় পুলিশ। তারপরেই বৃহস্পতিবার রাতে অভিযান চালিয়ে কাগজপত্রহীন কিছু সোনার বাটসহ তাদের গ্রেফতার করে পুলিশ। ঘটনাটি জানাজানি হতেই এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

নারায়ণগড়ে পালন শহীদ ক্ষুদিরাম বসুর মৃত্যুদিন

নিজস্ব সংবাদদাতা, নারায়ণগড় ঃ শহীদ ক্ষুদিরাম বসুর আত্মবলিদান দিবস পালন করল নারায়ণগড় কালচারাল এ্যাসোসিয়েশন। নারায়ণগড় থেকে এইদিন সকালে শহীদের প্রতি শ্রদ্ধা জানাতে এ্যাসোসিয়েশনের সদস্য সদস্যারা পদযাত্রায় সমিল হন। পদযাত্রা নারায়ণগড়ের চাতু রিভাড়া বাসস্ট্যান্ড থেকে শুরু করে হাট ঘুরে দুর্গা মন্দিরের সন্নিকট শহীদ ক্ষুদিরাম বসুর আবক্ষ মূর্তির সামনে এসে শেষ হয়। নারায়ণগড় কালচারাল এ্যাসোসিয়েশনের সঙ্গে যুক্ত হয়ে একইসঙ্গে দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করে নারায়ণগড় স্থিত বিদ্যাসাগর নাম্যাঙ্কিত একটি টিউটোরিয়াল হোমের ছাত্রছাত্রীরা। ভারতের স্বাধীনতা আন্দোলনে বিপ্লবীদের ছবির ম্যাকার্ড নিয়ে পথে হাঁটে তারা। পদযাত্রা শেষে ক্ষুদিরাম বসুর আবক্ষ মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয়। আয়োজন করা হয়েছিল সংক্ষিপ্ত একটি আলোচনা সভারও। নারায়ণগড় কালচারাল এ্যাসোসিয়েশনের সম্পাদক খোকন খাটুয়া জানান, আজকে স্বাধীনতা সংগ্রামী শহীদদের ভুলিয়ে দেওয়ার চর্চা চলছে। আমরা প্রতিবছর শহীদ ও মণীষীদের জন্ম ও মৃত্যুদিবস পালন করার মধ্য দিয়ে সেই চর্চার কাজ চালিয়ে যাচ্ছি। এদিন আমাদের এ্যাসোসিয়েশনের পাশাপাশি নারায়ণগড়ে একটি টিউটোরিয়াল হোমের ছাত্রছাত্রীরাও অংশগ্রহণ করে।

বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ

রেজি নং-৯৮ মিড, তাং—৩০/০৬/১৯২৬
প্রধান কার্যালয় ঃ কাঁথি, পোঃ—কাঁথি, জেলা-পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ
দূরাভাষ-০৩২২০-২৫৪৪২১ ঃঃ ফ্যাক্স—০৩২২০-২৫৪৪২০

৮৫—তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

স্মারক নং ঃ ৭৯৭/২৮৭/প্রধান কার্যালয় তাং- ১১/০৮/২০১৭

এতদ্বারা বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ-এর সকল প্রতিনিধিগণকে জানানো যাইতেছে যে, আগামী ১০ সেপ্টেম্বর, ২০১৭, রবিবার(বাং-২৪শে ভাদ্র, ১৪২৪) সকাল দশ(১০.০০) ঘটিকায় নিম্নোক্ত আলোচ্যসূচী অনুযায়ী সাতমাইল হাইস্কুল, সাতমাইলে ব্যাঙ্কের ৮৫তম বার্ষিক সাধারণ সভার অধিবেশন অনুষ্ঠিত হইবে।

উক্ত বার্ষিক সাধারণ সভার অধিবেশনে নির্ধারিত স্থানে ও সময়ে আপনার উপস্থিতি এবং সক্রিয় অংশগ্রহণ একান্তভাবে কামনা করি।

আলোচ্যসূচী

১। বিগত ৮৪ তম বার্ষিক সাধারণ সভার কার্যাবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।
২। বোর্ড-অব-ডিরেক্টারস্-এর ৯(নয়) জন সদস্যের নির্বাচন।(বর্তমান বৎসরে প্রযোজ্য নহে।)
৩। বোর্ড কর্তৃক প্রস্তুত ও উপস্থাপিত বার্ষিক প্রতিবেদন বিবেচনা।
৪। সর্বশেষ অডিট রিপোর্ট(২০১৬-২০১৭প্রাপ্তি সাপেক্ষে) ও তার প্রতিপালন এবং ৯৮ ধারায় উল্লিখিত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন বিবেচনা।
৫। বার্ষিক বাজেট(২০১৮-২০১৯) অনুমোদন।
৬। সমবায় আইন ও উপবিধি অনুসারে সম্পাদিত কোন পরিদর্শন বা তদন্তের প্রতিবেদন থাকিলে বিবেচনা।
৭। বোর্ডের পরিচালকবর্গ এবং তাঁহাদের আত্মীয়স্বজনদের কোন ঋণ ও অগ্রিম দেওয়া হইলে এবং সেই ঋণ ও অগ্রিম খেলাপী হইলে তাহার আদায় সংক্রান্ত বিষয় সমূহ বিবেচনা।
৮। কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ ব্যতীত বোর্ডের পরিচালকবর্গের আত্মীয় স্বজনদের যদি নিয়োগ করা হয়, তাহা হইলে অনুরূপ নিয়োগের অনুমোদন।
৯। নির্দিষ্ট রিজার্ভ ও অন্যান্য তহবিল সৃষ্টি এবং রিজার্ভ ও অন্যান্য তহবিলের সঠিক বিনিয়োগ বিষয়ক পর্যালোচনা।
১০। মুনাফা হইলে তাহা বণ্টন।
১১। কার্যকরী ঘাটতি বা ক্ষতি পর্যালোচনা এবং ক্ষতি পুধরে নেওয়ার জন্য পরিকল্পনার বিষয়ে বিবেচনা।
১২। দীর্ঘমেয়াদি ভবিষ্যৎ পরিকল্পনা-এবং বার্ষিক কার্য্য পরিকল্পনা অনুমোদন।
১৩। ২০১৮-২০১৯ সালের কর্জসীমা নির্ধারণ।
১৪। বোর্ড কর্তৃক প্রস্তুত বোর্ড সদস্যদের আচরণবিধি অনুমোদন।(কোন আলোচনা নাই)
১৫। উপবিধি সংশোধন সম্পর্কিত আলোচনা।
১৬। সদস্যদের বহিস্কার সম্পর্কিত আলোচনা।(কোন আলোচনা নাই)
১৭। উপবিধিতে উল্লিখিত অন্য কোন বিষয় সমূহ উপস্থাপিত হইলে তাহা বিবেচনা।
১৮। আইন ও উপবিধি অনুসারে সভার আলোচনার জন্য বিবিধ বিষয় হিসাবে কোনও প্রস্তাব উপস্থাপিত হইলে তাহা বিবেচনা।(প্রস্তাব ০১/০৯/২০১৭ তারিখের মধ্যে দাখিল করিতে হইবে)।

বোর্ডের অনুমত্যানুসারে
শ্রীতপন কুমার প্রধান
সম্পাদক
তাং- ১১/০৮/২০১৭ বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ